# বাংলা বিভাগ

## কৃষ্ণনগর গভর্নমেন্ট কলেজ

আয়োজিত

## সংযুক্ত পাঠক্রম
## (ADD ON COURSE)

# বাংলা উচ্চারণ
# বিধি - সংকট - সম্ভাবনা

### অনুষদ সদস্য


ড. রুচিরা চক্রবর্তী ( বিভাগীয় প্রধান, সহকারী অধ্যাপক)
ড. ঋতঙ্কর মুখোপাধ্যায় , (সহকারী অধ্যাপক)
ড. মুনমুন ঘোষ, (সহকারী অধ্যাপক)
পিয়ালী খাঁ, (সহকারী অধ্যাপক)


নব্য ভারতীয় আর্য ভাষাগুলির মধ্যে বাংলা ভাষা একটি ঐতিহ্যশালী ভাষা। চর্যাপদের সময় কাল থেকেই বাংলা ভাষায় সুর তাল লয়ের সুষম ব্যবহার লক্ষ্য করা যায়। ভারতীয় অন্যান্য ভাষাগুলির তুলনায় বাংলা ভাষা তার সাহিত্য সম্ভারে অনন্য হয়ে উঠেছে। এশিয়ার প্রথম নোবেলজয়ী কবি রবীন্দ্রনাথ এই ভাষাতেই সৃষ্টি করেছেন তাঁর অমর সাহিত্য। 'বন্দেমাতরম' ধ্বনিত হয়েছে এই ভাষাতেই। ভারতবর্ষের জাতীয় সংগীত এই ভাষাতেই রচিত। বাংলাদেশ নামক দেশটির রাষ্ট্রভাষার নাম বাংলাভাষা। কবিতা,গল্প, উপন্যাস, নাটক, প্রবন্ধ, গান প্রভৃতি সাহিত্যের বিভিন্ন শাখায় বাংলা ভাষা সমৃদ্ধশালী। বিশ্বায়নের যুগে, ভাষার ঐতিহ্যরক্ষা, সঠিক ব্যবহার হয়ে পরে বিশেষ জরুরী। ভাষা সঠিকভাবে অনুধাবন করতে, বুঝতে, মর্মগ্রহণ করতে শ্রুতি, সঠিক উচ্চারণ ও পাঠের নিয়মিত অনুশীলন দরকার। শিক্ষার্থীদের মধ্যে এই কাজ হাতে কলমে শিক্ষা দিয়ে শুরু করা জরুরী।

পাঠক্রমের সূচনাঃ ২২/০৫/২০২৩
পাঠক্রম - অবৈতনিক
মেয়াদ - ১ মাস
নূন্যতম যোগ্যতা - ১০+২(উচ্চমাধ্যমিক বা তার সমতুল্য)
মাধ্যম - বাংলা
আসন সংখ্যা -৫০

### উদ্দেশ্য

এই পাঠক্রমের মধ্য দিয়ে সৃজনশীল বাংলা ভাষার ব্যবহার সম্পর্কে ছাত্রদের ধারণা প্রদান করা হবে। সৃজনশীল মাধ্যমে ফ্রিল্যান্সের মাধ্যমে আয়ের পথ সুনিশ্চিত করা হয়। বিভিন্ন সামাজিক মাধ্যমে (ইউটিউব, ফেসবুক, টুইটার ) বা পডকাস্টের মাধ্যমে বাংলা ভাষায় গল্প , কবিতা , উপন্যাস পাঠ করে আয়ের পথ তৈরি করা।

### পাঠক্রম

- বাংলা ভাষা ও উপভাষা সম্পর্কে ধারণা
- বাংলা উচ্চারণ সম্পর্কে প্রাথমিক জ্ঞান
- বাংলা উচ্চারণের বৈচিত্র্য ও সমস্যা
- উচ্চারণে যতিচিহ্নের প্রয়োগ
- আঞ্চলিক বাংলা ভাষার উচ্চারণ বৈশিষ্ট্য
- বাংলা গান ও উচ্চারণ বিচিত্রতা
- উচ্চারণ-শ্রুতি ও সৌন্দর্যবোধ
- আবৃত্তিঃ শ্রুতি- উচ্চারণ-পাঠ
- শ্রুতি নাটকঃ উচ্চারণের আলোকে স্বরক্ষেপনের বৈচিত্র্য
- উচ্চারণের শ্রুতি ও মাইক্রোফোনের ব্যবহারিক প্রয়োগ
- একক ও সমবেত উচ্চারিত পাঠাভ্যাসঃ ব্যবহারিক প্রয়োগ ও আনুশীলন